

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপরেজিষ্টার সোলায়মান সাময়িক বরখাস্ত

গাজীপুর প্রতিনিধি

অসদাচরণ, উর্ধ্বতন কর্মকর্তাদের আইনসম্মত আদেশ অমান্য ও দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শন দফতরের উপরেজিষ্টার মো. সোলায়মান সিকদারকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। একইসঙ্গে তাকে বরখাস্তের পত্রপ্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে ওই বিষয়ে কারণ দর্শানোর জন্য বলা হয়েছে। সদস্যবীর রেজিষ্টার দফতর থেকে এ সংক্রান্ত পত্র ইস্যু করা হয়েছে। জাতীয় বিশ্ব বিদ্যালয় সূত্রে জানা গেছে সোলায়মান সিকদার ডাইন-চ্যান্সেলরের অনুমোদন ব্যতিরেকে টাসাইলের ভূমাপুর উপজেলার লোকমান ফকির মহিলা কলেজে অধ্যক্ষ নিয়োগের অনুমতি সংক্রান্ত সিদ্ধান্তসূচক পত্র প্রস্তুত ও যাচাই করে তা ইস্যু করার জন্য ফাইল উপস্থাপন করেন, যা জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মচারী (শুশালা ও আপিল) সংবিধি-৮-এর পরিপন্থী। এ অভিযোগে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে এবং এ ব্যাপারে বরখাস্তের পত্রপ্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে ওই বিষয়ে কারণ দর্শানোর জন্য বলা হয়েছে। তবে সাময়িক বরখাস্তকালীন তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকরিবিধি অনুযায়ী পরপোষ ভাতা পাবেন। তার জবাব সন্তোষজনক না হলে তার বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। সোলায়মান সিকদারের গ্রামের বাড়ি গাজীপুরের কাশিয়াকৈর উপজেলার বড়ইবাড়ি এলাকায়। তিনি প্রায় এক বছর আগে ওই পদে নিয়োগ পেয়েছেন।